দৈনিক ইনকিলাব

MAR. 25 2002

# অবশেষে বেতাগীতে দাখিল পরীক্ষা কেন্দ্র স্থাপিত হলো

**বরগুনা জেলা সংবাদদাতা ঃ** আন্দোলন-হরতাল-পাল্টা হরতাল-মামলা-হাইকোর্ট-সুপ্রীম কোর্ট- এসব কিছুর মোকাবিলা করে অনেক জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে অবশেষে বরগুনা জেলার বেতাগী উপজেলার মোকামিয়া আলীয়া মাদ্রাসার দাখিল পরীক্ষা কেন্দ্রটি দু'ভাগে বিভক্ত হলো। বরগুনা জেলা প্রশাসকের হস্তক্ষেপে মোকামিয়া আলীয়া মাদ্রাসা কেন্দ্রে এবং বেতাগী উপজেলা সদরের মাদ্রাসা কেন্দ্রে দাখিল পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে।

বেতাগী উপজেলার মরহুম পীর হযরত মাওলানা হাসান (রঃ) ঐতিহাসিক মাজারকে ঘিরে প্রতিষ্ঠিত মোকামিয়া আলীয়া মাদ্রাসায় দীর্ঘদিন থেকেই মাদ্রাসা বোর্ডের সকল পরীক্ষাসমূহ অনুষ্ঠিত হয়ে আসছে। পরবর্তীতে বেতাগী উপজেলা সদরে সিনিয়র মাদ্রাসা প্রতিষ্ঠার পর উপজেলা পর্যায়ের কেন্দ্র প্রতিষ্ঠার দাবী ওঠে। ছাত্র-ছাত্রীদের থাকা-খাওয়ার অসুবিধা, উপজেলা সদর থেকে প্রায় ৭ কিঃমিঃ দূরে মোকামিয়া কেন্দ্র হওয়ায় প্রশাসনিক নিরাপত্তার অসুবিধা, নকলের প্রাদুর্ভাব বৃদ্ধি ইত্যাদি বিভিন্ন কারণ দেখিয়ে বেতাগী সদরে পরীক্ষা কেন্দ্র স্থাপনের দাবী ধীরে ধীরে আন্দোলন-সংগ্রামে রূপ নেয়। গত ৪/৫ বছর পর্যন্ত কেন্দ্র স্থানান্তরের দাবীতে এবং কেন্দ্র টিকিয়ে রাখার পক্ষে উপজেলা-জেলাসহ সুদূর রাজধানী পর্যন্ত এর লবিং শুরু হয়। এসব দেন-দরবার তদবীরের ফলে বহুবার কেন্দ্র বাতিল আবার পুনঃ প্রতিষ্ঠার আদেশ হয়েছে।

চলতি দাখিল পরীক্ষায় পূর্বদিন পর্যন্ত বেতাগীতে ছিল টানটান উত্তেজনা। কেন্দ্র প্রতিষ্ঠার দাবীতে উভয় পক্ষই ছিল অনড়। মোকামিয়া কেন্দ্র বাতিল করে বেতাগী সদরে কেন্দ্র প্রতিষ্ঠার আদেশ হয়। এর বিরুদ্ধে দায়ের হয় মামলা। হাইকোর্ট-সুপ্রিম কোর্ট পর্যন্ত গড়ায় এ মামলা। শুরু হয় আন্দোলন-পাল্টা আন্দোলন। হরতাল-পাল্টা হরতাল। মোকামিয়ায় কেন্দ্র প্রতিষ্ঠার দাবীতে ছাত্র-শিক্ষকসহ স্থানীয় জনগণ মোকামিয়া বাজারে মিছিল-মিটিং সহ অর্ধদিবস হরতাল পালন করে। একইভাবে পরীক্ষা শুরুর পূর্বদিন বেতাগী শহরে পালিত হয় অর্ধ দিবস হরতাল। বেতাগী উপজেলার দাখিল পরীক্ষার্থী, শিক্ষক, অভিভাবক সকলেই ছিল উদ্বিগ্ন। তারা কোন কেন্দ্রে পরীক্ষা দেবে। অবশেষে সকল জল্পনা-কল্পনা ও উত্তেজনার অবসান ঘটিয়ে বরগুনার জেলা প্রশাসক মোঃ আলীমুজ্জামান পরীক্ষার পূর্বদিন হরতাল চলাকালীন বেতাগীতে যান। তিনি দু'টি পরীক্ষা কেন্দ্রের দাবীদারসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে মতবিনিময় করে আপাততঃ দাখিল পরীক্ষা দু'টি কেন্দ্রে অনুষ্ঠানের সিদ্ধান্ত ঘোষণা করেন।